

উপসহকারী পরিচালকের দপ্তর, শেরপুর এর আওতাধীন জাতীয় শুদ্ধাচার কৌশল দফতার সাথে বাস্তবায়নে নিম্নে “জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত কমিটি শেরপুর” এর আয়োজিত সভার কার্যবিবরণীঃ

তারিখ : ১০/০১/২০২২।

স্থান : উপসহকারী পরিচালকের দপ্তর, শেরপুর মহোদয়ের অফিস কক্ষ।

সভাপতি : জনাব জাবেদ হোসেন মুহাম্মদ তারেক

উপসহকারী পরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স শেরপুর

ও সভাপতি, “জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত কমিটি শেরপুর”


উপস্থিতির তালিকা : পরিশিষ্ট “ক”

উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। স্বাগত বক্তব্যে উপসহকারী পরিচালকের দপ্তর এর আওতাধীন শেরপুর, ঝিনাইগাতী, শ্রীবরদী, নালিতাবাড়ি ও অএ দপ্তরের সক্ষমতা এবং সেবার মান বৃদ্ধি করার ক্ষেত্রে জাতীয় শুদ্ধাচার কৌশল এর গুরুত্ব তুলে দরে উপসহকারী পরিচালক জনাব জাবেদ হোসেন মুহাম্মদ তারেক জাতীয় শুদ্ধাচার কৌশল কাজে লাগিয়ে শেরপুর জেলার যাবতীয় সেবা কার্যক্রমকে আরো স্বচ্ছ, জনবান্ধব, গতিশীল ও উন্নত করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। এছাড়া সভাপতি মহোদয় জাতীয় শুদ্ধাচার কৌশল এর পটভূমি, ভবিষ্যত পরিকল্পনা ও উপসহকারী পরিচালকের দপ্তর, শেরপুর এর আওতাধীন সকল ফায়ার স্টেশনকে জাতীয় শুদ্ধাচার কৌশল এর অনুসরণীয় নীতিমালা বিষয়ে বিষদ ব্যাখ্যা করেন।

২। “জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত কমিটি শেরপুর” এর সভায় আলোচিত বিষয়সমূহ মূল্যায়ন করতঃ বিষয়ভিত্তিক আলোচনা এবং গৃহিত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	অর্জিত লক্ষ্যমাণা এর তালিকা প্রণয়ন	জাতীয় শুদ্ধাচার কৌশল এর কতটুকু লক্ষ্যমাণা অর্জন করা হয়েছে তার একটি তালিকা প্রণয়ন করতে হবে।	“জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত কমিটি শেরপুর”
২.	অবশিষ্ট কাজের তালিকা প্রণয়ন	শতভাগ লক্ষ্যমাণা অর্জনের জন্য অবশিষ্ট কাজের তালিকা প্রণয়ন করতে হবে।	“জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত কমিটি শেরপুর”
৩.	অবশিষ্ট কাজ দ্রুত বাস্তবায়ন	অবশিষ্ট কাজগুলোর দ্রুত বাস্তবায়ন করতে হবে।	“জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত কমিটি শেরপুর” ও সকল ফায়ার স্টেশন
৪.	চূরান্ত রিপোর্ট প্রস্তুতকরণ	চূরান্ত রিপোর্ট তৈরি করে সভাপতির নিকট জমা দিতে হবে।	“জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত কমিটি শেরপুর”
৫.	বছরব্যাপী সভার সময় নির্ধারণ	প্রতি ত্রৈমাসিক রিপোর্টে যেন লক্ষ্যমাণা অর্জিত হয় সে লক্ষ্যে প্রতি ০২ (দুই) মাস অন্তর অন্তর কমিটির সভা অনুষ্ঠিত হতে হবে ও তদভিত্তিতে পরবর্তী পরিকল্পনা গ্রহন করা হবে।	“জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত কমিটি শেরপুর”
৬.	২০২১-২২ অর্থ বছরের চুক্তির খসরা প্রণয়ন	২০২১-২২ অর্থ বছরের “জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত কমিটি -শেরপুর” এর খসরা প্রস্তুত করতে হবে।	“জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত কমিটি শেরপুর”
৭.	জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত প্রশিক্ষণ/সভা আয়োজন	জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত অধিদপ্তরের নির্দেশনা বিষয়ে প্রশিক্ষণ/সভা আয়োজন।	“জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত কমিটি শেরপুর” ও সকল ফায়ার স্টেশন

৩। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় গৃহিত সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নের অনুরোধ সহ সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




জাবেদ হোসেন মুহাম্মদ তারেক
উপ-সহকারী পরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
শেরপুর।
সভাপতি

“জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত কমিটি শেরপুর”
তারিখঃ-১০/০১/২০২২ খ্রি;

স্মারক নং-৫৮.০৩.৩০৮৯.০০১.১৬.০৩৬.২০- ২৯

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ-

- ০১। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ০২। পরিচালক (প্রশাসন ও অর্থ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ০৩। উপ-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
- ০৪। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, জামালপুর।
- ০৫। উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, শেরপুর।
- ০৬। স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, শেরপুর/শ্রীবর্দী/ঝিনাইগাতী/নালিতাবাড়ি।
- ০৭। স্টাফ অফিসার, উপ-সহকারী পরিচালক দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স শেরপুর।
- ০৮। অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপ-সহকারী পরিচালক দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, শেরপুর।



জাবেদ হোসেন মুহাম্মদ তারেক
উপ-সহকারী পরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
শেরপুর।

০/০